কে
১

বড়মাপের প্রত্যাশা

আপনার সন্তানের ভবিষ্যতের জন্য সহযোগী হওয়া

২

৩
৪
৫
৬
৭
৮

Department of Education
Joel I. Klein, Chancellor

বড়মাপের স্কুলগুলো বড়মাপের প্রত্যাশা নিয়ে শুরু করে

প্রতিটি গ্রেডে প্রতিটি শিক্ষার্থীর কী জানা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে, শিক্ষার মান তার মূলসূত্র বর্ণনা করে। সব ছেলেমেয়ে পরের গ্রেডে উত্তীর্ণ হওয়ার এবং, পরবর্তীতে, কলেজে সফলতালাভের, জীবিকা-অর্জনের এবং নিজেদের কম্যুনিটির একজন সৃষ্টিশীল সদস্য হওয়ার জন্য প্রস্তুত রয়েছে, এসব মান এই বিষয়গুলোই নিশ্চিত করে থাকে। ছেলেমেয়েদের উচিত নিজেদের মাঝে লেখাপড়ার প্রতি ভালোবাসা তৈরি করা, যে-ভালোবাসা বর্তমান বিশ্বে, যেখানে গুরত্বপূর্ণ তথ্য দ্রুত পরিবর্তিত হয় ও বৃদ্ধি পায়, তাদের প্রয়োজনে আসবে।

প্রতিযোগিতাপূর্ণ বিশ্ব অর্থনীতিতে কাজ সন্ধান করার এবং দ্রুত পরিবর্তনশীল বিশ্বে কার্যকর হওয়ার জন্য আমাদের ছেলেমেয়েদের অতীতের যেকোন সময়ের চেয়ে বেশি জানতে হবে। যেসব স্নাতক চারবছরের কলেজে ভর্তি হতে চায় এটি তাদের ক্ষেত্রে সত্যি; এটি একইভাবে সত্যি সেসব শিক্ষার্থীর জন্যও যারা হাই স্কুল থেকে বেরিয়েই পেশাজীবন শুরু করতে চায়।

নিউ ইয়র্ক স্টেটের যেসব মানদণ্ড আমরা ব্যবহার করে থাকি সেগুলো আমাদের শিক্ষার্থীদের একটি কঠোর পাঠক্রম প্রদান করে। এর উদ্দেশ্য শিক্ষার্থীদের আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করা উপযোগী সৃজনশীলতা, সূক্ষ্ম চিন্তাশক্তির দক্ষতা ও সমস্যাসমাধানের সামর্থ্য লাভ নিশ্চিত করা। তবে এসব মান একটি প্রারম্ভিক বিন্দুমাত্র, লক্ষ্য নয়। জ্ঞানের একটি সুদৃঢ় ভিত্তি লাভ করে এবং সেই ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়ে আমাদের শিক্ষার্থীরা তাদের শিক্ষার সর্বাধিক সুফল অর্জন করবে।

এখানে আপনারা দ্বিতীয় গ্রেডের শিক্ষার্থীদের স্কুলবছরের শেষে ভাষা শৈলী, অঙ্ক, সমাজপাঠ, এবং বিজ্ঞানে কী জানা থাকা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে তার উদাহরণ পাবেন। পরিবার হিসাবে শিক্ষাক্ষেত্রে আপনি বাড়িতে, নিজের এলাকায় এবং আমাদের এই চমৎকার সিটির সর্বত্র কোন ধরনের সহায়তা দিতে পারেন সেকথাও আপনি জানবেন।

এই নির্দেশিকা দ্বিতীয় গ্রেডে অনুসৃত মাপকাঠির ক্ষুদ্র একটি নমুনামাত্র উপস্থাপিত করে। বাকি আদর্শগুলোর খবর কী? দ্বিতীয় গেড শুরু করার আগে তার কী শেখা উচিত ছিল? সে ২য় গ্রেড বা তার পরে কী শিখবে? এই প্রশ্নগুলোর সবকটির উত্তরই আপনি পাবেন আপনার সন্তানের শিক্ষকের কাছে অথবা আমাদের www.nyc.gov/schools/languages/bengali/academics ওয়েবসাইটে।

অধ্যয়নের সুঅভ্যাস

অধ্যয়নের সুঅভ্যাস গড়ে তোলায় আপনার সন্তানকে সাহায্য করার জন্য:

- ❑ হোমওয়ার্ক করার জন্য বাড়িতে একটি নিরিবিলি জায়গা ঠিক করুন।
- ❑ আপনার সন্তানকে সংগঠিত হতে সাহায্য করুন।
- ❑ হোমওয়ার্কের জন্য একটি নিয়মিত সময়সূচি প্রণয়ন করুন।
- ❑ নিশ্চিত করুন যে আপনার সন্তান শিক্ষকের হোমওয়ার্কের নীতিমালা সম্পর্কে জানে।

অন্যান্য চিন্তা-চেতনার জন্য, দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics.

প্রতিবন্ধী শিক্ষার্থী

শিক্ষার্থীর ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (আইইপি)-তে যদি সুনির্দিষ্টভাবে কোনকিছু উল্লিখিত না থাকে, প্রতিবন্ধী শিক্ষার্থীরা সাধারণ শিক্ষার পাঠক্রমে অংশ নেবে। এই পাঠক্রম ভিন্ন ভিন্ন নির্দেশনা-স্তর ও কাঠামো (যেমন সহযোগিতামূলক দলগত শিক্ষকতার ক্লাস বা স্ব-নিয়ন্ত্রিত বিশেষ শিক্ষার ক্লাস) অনুযায়ী অভিযোজিত করা যেতে পারে। মান পূরণে প্রতিবন্ধী শিক্ষার্থীদের সহায়তাদানে অভিযোজনার মধ্যে থাকতে পারে নির্দেশনা সহায়তা যেমন ক্যালকুলেটর ও ভিজ্যুয়াল এইডস, নতুন দক্ষতা শেখার জন্য বাড়তি সময় দেয়া, এবং অর্পিত দায়িত্বের দৈর্ঘ্য হ্রাস।

আপনার সন্তানের শিক্ষককে জিজ্ঞাসা করুন

আপনার সন্তান স্কুলে কী শিখছে এবং আপনি বাড়িতে কীভাবে এই শিক্ষাকে সহায়তা করতে পারেন, শিক্ষার মান আপনাকে সে সম্পর্কে শিক্ষকদের সাথে কথা বলার বিরাট সুযোগ এনে দেয়। আপনি যেসব প্রশ্ন করতে পারেন এখানে তার কিছু নমুনা এখানে দেয়া হল।

মান সম্পর্কে আরও জানার জন্য:

- ❑ শিক্ষার্থীর এমন কিছু কাজের নমুনা আপনি কি আমাকে দেখাতে পারেন যেগুলো এই মান পূরণ করেছে?
- ❑ এই মান সম্পর্কিত আমার সন্তানের কিছু কাজ কি আমি দেখতে পারি?
- ❑ স্কুলবছরের কোন সময়ে আমার সন্তান এই মান অর্জনের লক্ষ্যে কাজ করবে?
- ❑ আমার সন্তানকে এই মান পূরণে বা অতিক্রমে সাহায্য করার জন্য আপনারা স্কুলে কী কী কার্যক্রম বা উপকরণ ব্যবহার করছেন? কী কী ক্লাসওয়ার্ক এবং হোমওয়ার্ক দেবেন বলে আপনি আশা করেন?
- ❑ আমার সন্তানকে মান অর্জনে সাহায্য করার জন্য কী কী অনুশীলন আছে যা আমি আমার সন্তানের সঙ্গে করতে পারি?
- ❑ এই নির্দেশিকায় বর্ণিত মানের বাইরে এই বছর আমার সন্তান আরও কী শিখবে বলে প্রত্যাশা করা হয়?

আপনার সন্তান স্কুলে কেমন করছে তা জানার জন্য:

- ❑ আমার সন্তান কোন্ কোন্ বিষয়ে গ্রেড স্তরে কাজ করছে? সে উন্নতি করতে পারে এমন ক্ষেত্র আছে কি?
- ❑ আমার সন্তান কি গ্রেড স্তরে পড়ছে? আমার সন্তান পড়তে পারে এমন কিছু বই কি আপনি আমাকে দেখাতে পারেন?
- ❑ প্রতিদিন প্রতিটি বিষয়ে আমার সন্তান কতটুকু সময় ব্যয় করে?
- ❑ এই বিষয়গুলোতে আমার সন্তানকে বর্ষব্যাপী আপনি কীভাবে মূল্যায়ন করেন?

আপনার সন্তানকে কীভাবে সহায়তা দিতে হবে তা জানার জন্য:

- ❑ আমার সন্তান কেমন করছে, তা হালনাগাদ জানার জন্য প্রতিবেদনপত্র ব্যতীত আর কী কী সেরা পথ রয়েছে?
- ❑ আপনার সন্তান যদি গ্রেডস্তর অর্জন না করে থাকে: আমার সন্তানের জন্য স্কুল কী ধরনের সহায়তা দিতে সমর্থ? আমার সন্তান যেন স্কুলে আরও ভালো করে তার জন্য সহায়তা দিতে বাড়িতে আমি কী করতে পারি?
- ❑ আপনার সন্তান যদি গ্রেডস্তর বা তার চেয়ে উপরে অবস্থান করে: আমার সন্তানের জন্য আপনি কী ধরনের অতিরিক্ত মানোন্নয়ন এবং সহায়তার পরামর্শ দেন? বাড়িতে আমি কীভাবে সহায়তা করতে পারি?

২

ভাষা শৈলী

স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- উপাত্ত, তথ্য, এবং ধারণা, সংগ্রহ ও ব্যাখ্যা করার জন্য, অপরিচিত তথ্যবহুল লেখা (যেমন, নির্দেশনা) পড়বে।
- গল্পের চরিত্র এবং ঘটনার মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য বিষয়ে তুলনামূলক আলোচনা করবে।
- অন্যের সহায়তা নিয়ে একই বিষয় সম্পর্কে একাধিক লেখা থেকে সংগৃহীত তথ্য তুলনা করবে।
- শিরোনাম, লেখক ও অঙ্কনশিল্পীকে শনাক্ত করে ব্যাখ্যাধর্মী রচনা লিখবে। যেমন গল্পের উপাদান সাহিত্য সম্পর্কে নিজের প্রতিক্রিয়া লিখবে।
- লেখার প্রক্রিয়া (যেমন, প্রস্তুতি, খসড়া, পরিমার্জন, এবং সম্পাদনা) ব্যবহার করে সৃজনশীল গল্প এবং ব্যক্তিগত কাহিনি লিখবে, যার মধ্যে থাকতে পারে মহাশূন্যে জীবন কল্পনা বা জীবনে প্রথম যেদিন তারা নতুন পোষা প্রাণী পেয়েছে তার বর্ণনা।
- যোগাযোগ, বিষয়বস্তু এবং শ্রোতার উদ্দেশে যথাযথ প্রকাশভঙি, স্বর, গতি, এবং মুখের বা শরীরের অঙ্গভঙ্গি মিশিয়ে কথা বলবে।
- গ্রেড-স্তর উপযোগী এক সিলেবলের বেশি অক্ষর দিয়ে গঠিত অপরিচিত শব্দ বোঝার জন্য বর্ণ-ধ্বনি মিলের জ্ঞান ব্যবহার করে ধ্বনির মিশ্রণ ঘটাবে।
- নতুন শব্দের অর্থ বোঝার জন্য পরিচিত শব্দ ও শব্দবর্গের জ্ঞান ব্যবহার করবে।
- সঠিকভাবে শব্দের বানান করার জন্য, বানানের সহায়তা, যেমন অভিধান, 'ওয়ার্ড ওয়াল,'এবং/অথবা কম্পিউটার সফ্টওয়্যারর ব্যবহার করবে।
- যুক্তিপূর্ণ ধারাবাহিকতায় বাক্য লিখবে এবং বিষয়বস্তু সুবিন্যস্ত করার জন্য অনুচ্ছেদ ব্যবহার করবে।
- চূড়ান্ত লেখা প্রকাশের জন্য বড় হাতের অক্ষর, যতি-চিহ্ন, এবং বানানের রীতি অনুসরণ করবে।

বাড়িতে শেখা

পরিবারের মাতৃভাষায় এবং এমনকি ইংরেজিতেও, পরবর্তী এই কৌশলগুলো নেয়া যেতে পারে।

আপনার সন্তানকে উৎসাহিত করুন ছোট ভাই এবং বোন, জ্ঞাতি ভাই-বোন বা আপনার পরিচিত অন্যান্য ছেলেমেয়ের *উদ্দেশে পড়তে।*

আপনার সন্তানকে একটি কৌতূহলোদ্দীপক ছবি বার করে সে সম্পর্কে একটি গল্প লিখতে বলুন। কেমন করে খুঁটিনাটি, যেমন দিনের সময় অথবা স্থান আপনার সন্তানকে চরিত্র, পরিবেশ এবং পট সৃষ্টিতে সাহায্য করতে পারে তা নিয়ে কথা বলুন।

বই ও শিল্পকলা সংক্রান্ত মজার কর্মকাণ্ডের জন্য নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির *ওয়েব সাইট* kids.nypl.org/arts/activities.cfm,- এ গিয়ে, গেম্স বোতাম "On-Lion" for Kids *-এ ক্লিক করুন।*

সপ্তাহে একবার সময় করে ছেলেমেয়েদের সাথে গ্রন্থ আলোচনা করুন। প্রিয় বই সম্পর্কে কিছু বলার জন্য আপনার সন্তানকে সৃজনশীল উপায় খুঁজে পেতে সাহায্য করুন। যেমন, কোন চরিত্রের উপর কবিতা বা গান লিখে গেয়ে বা আবৃত্তি করে শোনানো।

অঙ্ক

বাড়িতে শেখা

বাড়িতে ব্যবহৃত জিনিস দিয়ে *আপনার সন্তানকে আনুমানিক হিসাব অনুশীলনে সহায়তা করুন।* তাকের উপর কটি বই বা ক্যান আছে? ড্রয়ারে কয় জোড়া মোজা আছে?

আপনার সন্তান যে-সঙ্গীত উপভোগ করে, একসাথে তা শুনে প্যাটার্ন সন্ধান করুন -ধ্বনি, পঙক্তি, পরিবর্তনশীল ও পুনরাবৃত্তিময় শব্দ এবং ছন্দ। বিভিন্ন গানে কীভাবে প্যাটার্ন বদলায় তা আলোচনা করুন।

আমাদের জাতীয় মুদ্রা নিয়ে এমন গেমস যা আপনার সন্তান ডাউনলোড করতে পারে বা অনলাইনে খেলতে পারে, তা পাওয়ার জন্য, *ইউ.এস. ট্রেজারি ব্যুরো অব এনগ্রেভিং অ্যান্ড প্রিন্টিং-এর ওয়েবসাইট* (www.moneyfactory.gov/newmoney/main.cfm/learning/fun) - দেখুন।

বোর্ড খেলা খেলবে।

স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- দশ-ভিত্তিক ব্যবস্থা বুঝবে:
  - ১০ টি এক = ১ টি দশ
  - ১০ টি দশ = ১ টি শত
  - ১০ টি শত = ১ টি হাজার
- পুনঃপুন যোগ এবং গুণের মধ্যে যোগসূত্র চিহ্নিত করবে। যেমন, ২ + ২ + ২ + ২ + ২ = ১০ এবং ৫ × ২ = ১০।
- কোনকিছু ভাগ করার অর্থ একটি জিনিসকে সমান অংশে (ন্যায্য হিস্যা) বিভক্ত করা। যেমন, ৪ জন ছেলেমেয়ের মাঝে ১২টি কুকি সমানভাবে ভাগ করা হবে। একটি ছেলে/মেয়ে কয়টি কুকি পাবে?
- সর্বোচ্চ ১০০টি বস্তু নিয়ে গঠিত একটি ভাগে কয়টি বস্তু আছে অনুমান করবে। ভাগে প্রকৃতভাবে কতটি বস্তু আছে তা গুনে দেখবে।
- মিল অনুসারে সব বস্তু এক জায়গায় সাজাবে। যেমন, সব সমকোন একটি স্তূপে রাখবে।
- ১০০ পর্যন্ত পূর্ণ সংখ্যা তুলনা করার জন্য < (চেয়ে কম) এবং > (চেয়ে বড়) সংকেত ব্যবহার করবে। সংখ্যার লাইন সহ এবং লাইন ছাড়া, এটি করবে।
- ছবি (পিক্টোগ্রাফ) বা বার গ্রাফ ব্যবহার করে, গ্রাফে উপাত্ত প্রদর্শন করবে।
- পরিসংহার টানার জন্য বা ভবিষ্যদ্বাণী করার জন্য গ্রাফ ব্যবহার করবে।
- অঙ্কের সমস্যা সমাধানে কী ঘটছে তা দেখানোর জন্য ম্যানিপুলেটিভ ,যেমন বক ব্যবহার করবে। যেমন, দেখাবে যে তোমার যদি সাতটি বক থাকে এবং পাঁচটি সরিয়ে নাও তাহলে দুটি থাকবে।
- কী কী ধাপে এবং কেন ধাপগুলো নেয়া হয়েছে তার বর্ণনাসহ একটি অঙ্কের সমস্যা কীভাবে সমাধান করা হয়েছে তা ব্যাখ্যা করবে।

বিজ্ঞান

দ্বিতীয় গ্রেডে বিজ্ঞান বল এবং গতি, পৃথিবীর বস্তু এবং উদ্ভিদ বৈচিত্র্য অন্বেষণ করে।

স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- মাধ্যাকর্ষণ শক্তি বস্তুকে পৃথিবীর কেন্দ্রের দিকে আকর্ষণ করে একথা জানবে ও দেখাতে পারবে।
- মাধ্যাকর্ষণ শক্তি কোনো বস্তুকে কীভাবে বায়বীয়, তরল ও কঠিন পদার্থের মধ্য দিয়ে প্রভাবিত করতে পারে তা বর্ণনা করবে।
- ভিন্ন ভিন্ন ধরনের মৃত্তিকার বৈশিষ্ট্য অনুসন্ধান করে দেখবে। যেমন, তাদের রঙ, ত্বক, উপাদান, এবং পানি ধরে রাখার ক্ষমতা পর্যবেক্ষণ করবে।
- শিলার ভৌত বৈশিষ্ট্য পর্যবেক্ষণ এবং বর্ণনা করবে, যেমন, আকার, আকৃতি, রঙ, এবং শিলায় যদি কোনো জীবাশ্ম থেকে থাকে, তা।
- আবহাওয়াগত হিম, উষ্ণতা ও ক্ষয় এর মত প্রক্রিয়াগুলো সময়ের সাথে সাথে পৃথিবীর ভূপৃষ্ঠের পরিবর্তন ঘটায় একথা জানবে।
- যেসব বস্তুর কারণে উদ্ভিদের মধ্যে সাদৃশ্য ও পার্থক্য গড়ে ওঠে সেগুলো চিহ্নিত করবে।
- উদ্ভিদ তাদের উৎস এবং একই প্রজাতির অন্যান্য উদ্ভিদের মত হয় দেখতে এটা বুঝবে।
- উদ্ভিদ বীজ থেকে পুনরুৎপাদিত হয় এটা বুঝবে।
- বেঁচে থাকার এবং বিকশিত হওয়ার জন্য উদ্ভিদের আলো, বাতাস, পানি এবং পুষ্টির প্রয়োজন হয়।
- উদ্ভিদ পরিবেশের পরিবর্তনের সাথে সাথে সাড়া দেয়, যেমন তাপমাত্রা বা বৃষ্টি ।

বাড়িতে শেখা

আপনার সন্তানকে একটি শিলা-সংগ্রহ তৈর করতে উৎসাহিত করুন। আপনার মহলা এবং নিউ ইয়র্ক সিটির শিলা দিয়ে শুরু করুন। পারিবারিক ছুটিতে যেসব জায়গায় বেড়াতে যান সেখান থেকে শিলা এনে যোগ করুন এবং যেসব পরিবার ও বন্ধুবান্ধব বেড়াতে যান তাদেরকেও ওইসব সব স্থান থেকে শিলা নিয়ে আসতে অনুরোধ করুন।

আপার ওয়েস্ট সাইডে ***আমেরিকান মিউজিয়াম অব ন্যাচারাল হিস্ট্রির শিলা এবং খনিজ সংগ্রহশালা পরিবারের সবাইকে পরিদর্শন করুন।*** শিলা চিহ্নিত এবং তুলনা করার জন্য আপনার সন্তান মিউজিয়ামের অন-লাইন মাঠ নির্দেশিকাও ব্যবহার করতে পারে। দেখুন www.amnh.org/nationalcenter/online_field_journal. Field Journals -এ ক্লিক করে, Rocks বেছে নিতে হবে। শিলা ও জীবাশ্ম সমপর্কে জানতে শিশুদের জন্য মিউজিয়মের ওয়েবসাইট www.amnh.org/ology দেখুন।

সেন্ট্রাল পার্কের ভেতর দিয়ে অথবা আপনার মহলার কাছাকাছি নিউ ইয়র্ক সিটির অন্য কোন পার্কের ভেতর দিয়ে হাঁটুন। পানি, বাতাস বা অন্যান্য জিনিসের প্রভাব দেখা যায় এমন অনাবৃত মাটি, যেমন নদীর তলদেশ বা টিলাভূমির সন্ধানে দৃষ্টি সজাগ রাখুন। এই জায়গাগুলি কীভাবে দেখতে এমন হয়েছে তা নিয়ে কথা বলুন।

বাড়িতে শেখা

আপনার পরিবার এবং কম্যুনিটির জন্য গুরুত্বপূর্ণ বিষয়গুলো নিয়ে ***পরিবারের সবার সাথে কথা বলার জন্য সময় বের করুন।***

আপনার পাড়ায় হাঁটতে বেরিয়ে আপনার সন্তানকে এমনসব জিনিস দেখাতে বলুন যেগুলো সেখানকার অধিবাসীদের জীবনযাত্রার মানোন্নয়নের জন্য সিটি দিয়েছে। যেমন, স্কুল, স্ট্রিটের চিহ্ন, আবর্জনাসংগ্রহ, পুলিশ, অগ্নি সুরক্ষা এবং অন্যান্য পরিষেবা।

নিউ ইয়র্ক সিটি পুলিশ মিউজিয়াম www.nycpolicemuseum.org, অথবা নিউ ইয়র্ক সিটি ফায়ার মিউজিয়াম www.nycfiremuseum.org দেখে জেনে নিন কীভাবে এই গুরুত্বপূর্ণ পেশাদুটি নিউ ইয়র্ক সিটির অধিবাসীদের সেবা দিয়ে থাকে।

আপনার পরিবারের উত্তরাধিকার এবং মূল্যবোধের প্রতিনিধিত্ব করে এমন একটি ***ব্যক্তিগত অনলাইন পতাকা তৈরি করতে আপনার সন্তানকে সাহায্য করুন।*** www.wearemulticolored.org দেখুন। এটি নিউ ইয়র্ক'স্ লোয়ার ইস্টসাইড টেনেমেন্ট মিউজিয়াম-এর একটি প্রকল্প।

সমাজপাঠ

দ্বিতীয় গ্রেডের সমাজপাঠে, শিক্ষার্থীরা তাদের নিজস্ব কম্যুনিটির এবং যুক্তরাষ্ট্রের অন্যান্য কম্যুনিটির চিন্তা-চেতনা অন্বেষণ করবে।

স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- তাদের কম্যুনিটি এবং স্থানীয় অঞ্চল সম্পর্কে মূল ধারণা বুঝবে। যেমন নিউ ইয়র্ক সিটি কীভাবে পরিচালিত হয়, এর পাঁচটি বরো আছে, এবং যুক্তরাষ্ট্র এবং বিশ্বের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ বাণিজ্য কেন্দ্র।
- মানুষের প্রয়োজন এবং চাহিদা মেটানোর জন্য কীভাবে বিভিন্ন কম্যুনিটি সাহায্য করে, তা বুঝবে। উদাহরণস্বরূপ, একটি পল্লী-কম্যুনিটি খাদ্য উৎপাদন করে, এবং শহরের কম্যুনিটি হচ্ছে এমন একটি স্থান, যেখানে মানুষ পণ্য বিকিকিনি করে।
- সমাজ কীভাবে ভৌগলিক অবস্থান দ্বারা প্রভাবিত হয় তা ব্যাখ্যা করবে।
- সমাজ ও সদস্যদের রক্ষা করার জন্য নাগরিকেরা কীভাবে নিয়মকানুন ও আইন প্রণয়ন করে তা বলবে।
- মানুষ, প্রথা, অভ্যাস এবং চিন্তাধারা, যা বিভিন্ন কম্যুনিটিকে গঠন করে, সে সম্পর্কে জ্ঞানের বিকাশ হবে।
- নিজেদের কম্যুনিটি এবং নিউ ইয়র্ক সিটির গুরুত্বপূর্ণ স্থানের বর্ণনা দেবে এবং সে সম্পর্কে বলবে।
- নিউ ইয়র্ক সিটি সময়ের সাথে সাথে কীভাবে এবং কেন পরিবর্তিত হয়েছে, তা বুঝবে এবং ব্যাখ্যা করবে।
- নিজেদের এবং নিউ ইয়র্ক সিটির অন্যান্য কম্যুনিটর বৈশিষ্ট্য প্রকাশ করে এমন মানচিত্র তৈরি করবে প্রতীক ব্যবহার করে।
- কম্যুনিটিগুলো তাদের প্রদত্ত পরিষেবা, যেমন স্কুল, পার্ক, আবর্জনাসংগ্রহ এবং পুলিশ ও অগ্নি সুরক্ষার জন্য অর্থ পরিশোধ করার জন্য কীভাবে কর ব্যবস্থাকে ব্যবহার করে থাকে সেসব বিষয়ে অনুসন্ধান করবে।
- কীভাবে নাগরিকত্বের চিহ্ন, যেমন পতাকা বা রাষ্ট্রীয় 'সিল' কম্যুনিটির মূল্যবোধ এবং ঐতিহ্য প্রচার করে, তা বুঝবে।

আরও অপরিহার্য জ্ঞান এবং দক্ষতা

আমাদের দ্বিতীয় গ্রেডের শিক্ষার্থীরা পড়া, লেখা, অঙ্ক করা এবং বিজ্ঞানের ও সমাজপাঠের মূল ধারনাগুলো বুঝতে পারার বাইরেও আরও অনেক বেশি শিখছে।

- ***শিল্পকলা:*** দ্বিতীয় গ্রেডের শিক্ষার্থীরা দৃশ্যকলা, নৃত্য, সঙ্গীত, এবং থিয়েটারে অংশগ্রহণ করে। তারা প্রতিটি শিল্পরীতির দারণা, সামগ্রী ও ভাষা ব্যবহার করে মৌলিক শিল্প সৃষ্টিতে নিয়োজিত থাকে; মিউজিয়াম, থিয়েটার এবং নিজেদের কম্যুনিটির অন্যান্য স্থাপনায় নমুনা এবং অনুষ্ঠান দেখতে যায়; এবং শিল্পকলার নানা পেশা সম্পর্কে সচেতন হয়। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics.
- ***শারীরিক পটুতা এবং স্বাস্থ্য:*** দৈহিকভাবে কর্মঠ থাকা, স্বাস্থ্যকর জীবনধারা গড়ে তোলার এবং বিভিন্ন ধরনের প্রথাগত ও অপ্রথাগত শারীরিক পটুতা বিষয়ক কার্যক্রমের জন্য শিক্ষার্থীরা সুযোগ লাভ করে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics.
- ***লাইব্রেরি ও গবেষণা:*** বছরের শেষে, দ্বিতীয় গ্রেডের শিক্ষার্থী গবেষণার বিষয়ে, "আমি ভাবছি"-এ ধরনের প্রশ্ন করতে পারে; লাইব্রেরিতে, গবেষণার বিষয় নিয়ে একটি প্রক্রিয়া অনুসরণ করতে পারে; সহায়ক খুটি নাটি লিখবে, আকবে বা মৌখিকভাবে বর্ণনা দিবে; তথ্য ভিন্নভাবে উপস্থাপন করবে; এবং দেখাবে যে, যে সকল গল্প তারা পড়েছে বা লাইব্রেরিয়ান পড়ে শুনিয়েছে, তা তারা বুঝেছে।বিস্তারিত: www.nyc.gov/schools/languages/bengali/academics.
- ***প্রযুক্তি:*** দ্বিতীয় গ্রেডের শিক্ষার্থীরা দৈনন্দিন জীবনে প্রযুক্তির প্রচলিত ব্যবহার সম্পর্কে অভ্যস্ত। শিক্ষক এবং শিক্ষার্থী ওয়েব সহায়কের নিরাপদ ও গ্রহনযোগ্য ব্যবহার সম্পর্কে আলোচনা শুরু করে। দ্বিতীয় গ্রেডের শিক্ষার্থীরা এখন নির্দিষ্ট সমস্যা সমাধানের জন্য লাগসই প্রযুক্তির হাতিয়ার ব্যবহার করতে পারবে (যেমন, ছবি তৈরী করার জন্য একটি ড্রয়িং প্রোগ্রাম অথবা একটি ধারণা বোঝানো এবং প্রদর্শন করার জন্য উপস্থাপনার সফ্টওয়ার)। শিক্ষার্থীরা নানা মাধ্যম ব্যবহার করে তাদের কাজ উপস্থাপন করবে (যেমন উপস্থাপনার সফ্টওয়্যার এবং নিউজলেটারের টেমপ্লেট) এবং ক্লিপ আর্ট, সঙ্গীত এবং তথ্যের সহায়তালাভের উপকরণ হিসাবে ওয়েব পেজ ব্যবহার করবে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics.

আরও জানুন

এই নির্দেশিকা আপনার সন্তান এই বছর যেসব আদর্শ মান শিখবে সেগুলো সম্পর্কে একটি সাধারণ ধারণা দেয় মাত্র। আপনি কে থেকে ৮ সকল গ্রেডের জন্য এই নির্দেশিকা এবং সকল বিষয় ও সকল গ্রেডের মান সম্পর্কিত পূর্ণাঙ্গ তথ্য আমাদের www.nyc.gov/schools/languages/bengali/academics ওয়েবসাইটে দেখতে ও ডাউনলোড করতে পারবেন।

আপনার সন্তানের শিক্ষা এবং আপনি কীভাবে বাড়িতে এবং স্কুলে উভয় স্থানেই এতে সহায়তা করতে পারেন সে-ব্যাপারে ডিভিশন অব টিচিং অ্যান্ড লার্নিং ও ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিস আরও নানা ধরনের পরামর্শ দিয়ে থাকে। আরও তথ্যের জন্য টিচিং অ্যান্ড লার্নিং এর ওয়েবসাইট www.nyc.gov/schools/languages/bengali/academics, এবং ওফিয়া ওয়েবসাইট www.nyc.gov/schools/languages/bengali/ofea দেখুন। আপনি আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরকে অথবা ওফিয়াকে (212) 374-2323 নম্বরে ফোন অথবা ofea@schools.nyc.gov. ঠিকানায় ই-মেইলে যোগাযোগ করতে পারেন। এছাড়া, আপনি 311 - এ ফোন করে আপনার সন্তানকে নিয়ে যাওয়ার মত সিটির অন্যান্য সাংস্কৃতিক এবং ঐতিহাসিক সংস্থার সন্ধানও নিতে পারেন।

NYC Department of Education
Joel I. Klein, Chancellor

DIAL 311

T&I-7924 2nd (Bengali)